

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭৩০

১. পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৩৫. (ওযুর সময় শুকনো থাকা) পায়ের গোড়ালির জন্য রয়েছে জাহান্নামের কঠিন শাস্তি

بَابُ: وَيْلُ لِلْأَعْقَابِ مِنَ النَّارِ

আরবী

أَخْبَرَنَا هَاشِمُ بْنُ الْقَاسِمِ أَخْبَرَنَا شُعْبَةُ عَنْ مُحَمَّدِ بْنِ زِيَادٍ قَالَ سَمِعْتُ أَبَا هُرَيْرَةَ قَالَ كَانَ يَمُرُّ بِنَا وَالنَّاسُ يَتَوَضَّنَفُونَ مِنْ الْمِطْهَرَةِ وَيَقُولُ أَسْبِغُوا الْوُضُوءَ قَالَ أَبُو الْقَاسِمِ كَانَ يَمُرُّ بِنَا وَالنَّاسُ يَتَوَضَّنُونَ مِنْ الْمِطْهَرَةِ وَيَقُولُ أَسْبِغُوا الْوُضُوءَ قَالَ أَبُو الْقَاسِمِ وَيْلُ لِلْأَعْقَابِ مِنْ النَّارِ قَالَ أَبُو مُحَمَّد هَذَا أَعْجَبُ إِلَيَّ مِنْ حَدِيثِ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍ و إِسناده صحيح

বাংলা

৭৩০. মুহাম্মদ ইবনু যিয়াদ হতে বর্ণিত, তিনি বলেন, আমি আবু হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে শুনেছি। তিনি (বর্ণনাকারী) বলেন, তিনি একদিন আমাদের নিকট দিয়ে যাচ্ছিলেন আর লোকেরা পানির পাত্র থেকে পানি নিয়ে ওয়ু করছিলো, আর তিনি বলছিলেন, তোমরা পরিপূর্ণরূপে ওয়ু করো। কেননা, আবুল কাসিম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: (ওয়ুর সময় শুকনো থাকা) পায়ের গোড়ালীর জন্য রয়েছে জাহান্নামের কঠিন শাস্তি।[1] আবু মুহাম্মদ (দারেমী) বলেন: আব্দুল্লাহ ইবন আমর-এর হাদীস অপেক্ষা এটি আমার নিকট অধিক পছন্দনীয়।

ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ সহীহ। হাদীসটি বুখারী-মুসলিমে বর্ণিত।

তাখরীজ: সহীহ বুখারী ১৬৫; সহীহ মুসলিম ২৪২;

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান ১০৮৮। আরও দেখুন নাইলুল আওতার ১/২১০-২১২।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ মুহাম্মাদ ইবনু যিয়াদ (রহঃ)



 ${\color{red} {\it 9}} {\color{blue} Link-https://www.hadithbd.com/hadith/link/?id=76106}$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন